যুগান্তর

তারিখ 30 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# কিন্ডারগার্টেন নিবন্ধনের আওতায় আনার দাবি

যুগান্তর রিপোর্ট

দেশের সব কিন্ডার গার্টেন, প্রিক্যাডেট স্কুলসহ সমমনা স্কুলগুলোকে নিবন্ধনের আওতায় আনা ও নিবন্ধন প্রক্রিয়া দ্রুত বাস্তবায়নসহ ১১ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ কিন্ডার গার্টেন ঐক্য পরিষদ। শনিবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানায় ঐক্য পরিষদ। অন্য দাবিগুলোর মধ্যে রয়েছে— নিবন্ধনের পর স্কুলগুলোকে ৮ম শ্রেণী পর্যন্ত উন্নীত করা, সেবামূলক প্রতিষ্ঠানের আওতায় আনা, স্কুলের বিদ্যুৎ বিল সামাজিক প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিলের মতো গণ্য করা, নিবন্ধিত স্কুলগুলোকে আয়করমুক্ত রাখা, এক স্কুল থেকে আরেক স্কুলের দূরত্ব নিশ্চিত করা, এনসিটিবি অনুমোদিত অভিন্ন

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

# কিন্ডারগার্টেন নিবন্ধনের আওতায় আনার দাবি

(৩য় পৃষ্ঠার পর)

পাঠ্য তালিকা প্রণয়ন করা, সরকারি স্কুলের মতো পাঠ্য উপকরণ সরবরাহ, আলাদা বোর্ড গঠন করা, স্কুলে শিক্ষার পরিবেশ নিশ্চিতকল্পে তদারকি বাড়ানো এবং টাস্কফোর্সের মাধ্যমে অযথা হয়রানি না করা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বাংলাদেশ কিন্ডার গার্টেন ঐক্য পরিষদের চেয়ারম্যান শাহজাহান আলী বলেন, আমরা শিক্ষা বিস্তারে কাজ করে যাচ্ছি। আমরা সরকারের ঘোষিত শিক্ষা কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা করছি। তবে সঠিক কোনো নীতিমালা নেই বলেই ব্যাঙের ছাতার মতো কিন্ডার গার্টেন গড়ে উঠছে এবং শিক্ষার নামে ভয়ংকর বাণিজ্য হচ্ছে। এটি কোনোভাবেই শিক্ষার জন্য শুভ বার্তা হতে পারে না।

এ সময় মহাসচিব শাহীন পারভেজসহ সংগঠনের নেতাদের পাশাপাশি বিভিন্ন কিন্ডার গার্টেনের প্রতিষ্ঠাতা ও শিক্ষক উপস্থিত ছিলেন।